

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সূজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

দ্রষ্টব্য:- দাঙ্গিগ পার্শ্বস্থ সংগ্রহ প্রয়োগের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উচ্চাপকগুলো মনোযোগ দিয়ে পড়া এবং সংশ্লিষ্ট প্রয়োগের ব্যাখ্যা উভয় দাও। যে কোনো ইয়েটি প্রয়োগের উভয় দাও। প্রয়োগের মান ১০।

১. ► নড়াইল কলেজের ছাত্র সোহেল নিজ দেশকে দরিদ্র বলে অবহেলা করে না বরং ঐ সময় নিয়ে গর্ববোধ করে যখন শিল্পে ও বাণিজ্যে দেশ সমৃদ্ধ ছিল। এদেশেই তৈরি হতো রণতরী, পালবাহী যাত্রীবাহী বিভিন্ন ধরনের নৌকা, কুটির শিল্পের ব্যাপক বিকাশের ফলে এ দেশে উৎপাদিত হতো বস্ত্র, চিনি, লৌহ, কামান, বারুদ, তৈল, লবণ, কাগজ, অলংকার ইত্যাদি। আর এসব প্রাচ্যের বিভিন্ন দেশে রপ্তানি হতো। তাই সোহেল মনে করে, দেশকে অবহেলা না করে দেশের উন্নয়নে মনোযোগ দেওয়া উচিত।

ক. এ অঞ্চলে কত সালে ভয়াবহ দুর্ভিক্ষ সংঘটিত হয়? ১

খ. ‘পাকিস্তান আমলে কৃষিক্ষেত্রে ব্যাপক বৈষম্য বিরাজমান ছিল— ব্যাখ্যা কর। ২

গ. কলেজ ছাত্র সোহেল বাংলায় কোন যুগের অর্থনীতি নিয়ে গর্ববোধ করে? বর্ণনা দাও। ৩

ঘ. বাংলার অর্থনীতির এই চিত্র ইংরেজ যুগে অনেকখানি পিছিয়ে পড়েছিল-মূল্যায়ন কর। ৪

২. ► রহিম মিয়া পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার একজন কৃষক। কৃষিকাজ করতে গিয়ে তিনি মূলধন সংকটে পড়েন। তার কৃষি ঝণ প্রয়োজন। প্রত্যাশিত কৃষি ঝণের উৎস সীমিত হওয়ায়, আবার কিছু কৃষি ঝণের প্রাপ্তি সহজ কিন্তু সুদের হার উচ্চ হওয়ায় তিনি সংকট কাটিয়ে উঠতে পারেননি। জমি থাকা সত্ত্বেও শস্য ও শাকসবজি উৎপাদন অনেক কম হয়েছে। গ্রামীণ বাজারটি অনেক দূরে, যাতায়াত ব্যবস্থা ভালো নয়। তাই উদ্ভৃত ফসলের সঠিক দামও পায়নি। এ কারণে তার পরিবারে অভাব অন্টন লেগেই আছে।

ক. কৃষি জোত কী? ১

খ. জীবন নির্বাহী খামার থেকে বাণিজ্যিক খামার ধারণাটি কীভাবে পৃথক— বুঝিয়ে দাও। ২

গ. রহিম মিয়ার কৃষি ঝণের উৎসগুলো চিহ্নিত কর। ৩

ঘ. রহিম মিয়ার সমস্যা সমাধানে তোমার সুপারিশ কী—ব্যাখ্যা কর। ৪

৩. ► জনাব লোকমান, মি. আশিশ কুমার ও মি. পিয়ার্সন তিনি জনই এ দেশের শিল্পোদ্যোগের সাথে জড়িত। তাদের শিল্পোদ্যোগের ধরন ভিন্ন। যেখানে জনাব লোকমান বাঁশ-বেতের ঝুড়ি বানান সেখানে মি. আশিশ কুমার গেঞ্জি ও মি. পিয়ার্সন তৈরি পোশাক উৎপাদনের সাথে জড়িত। তারা প্রস্পরের সাথে আলাপ-আলোচনা থেকে বুঝতে পারেন, তাদের শিল্পোদ্যোগের সমস্যাগুলো যেমন ভিন্ন তেমনি তার সমাধান পদ্ধতিও আলাদা।

- ক. শিল্প বলতে কী বোঝায়? 1  
 খ. উদাহরণসহ ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য তুলে ধর। 2  
 গ. মি. আশিশ কুমার যে আয়তনের শিল্পের সাথে জড়িত বাংলাদেশে সে শিল্পের সমস্যাগুলো ব্যাখ্যা কর। 3  
 ঘ. জনাব লোকমান ও মি. পিয়ার্সন যে আয়তনের শিল্পের সাথে জড়িত সে ধরনের শিল্পের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। 8


৪. ► রহিমউদ্দিন ভ্যান চালিয়ে যে টাকা আয় করে চা চাল, ডাল, তেল, খড়ি ইত্যাদি কিনতেই ব্যয় হয়ে যায়। সে ছেলেমেয়ের জন্য মাছ, মাংস, দুধ, ডিম, ঘি ইত্যাদি পুষ্টিকর খাদ্যের কিছুই কিনতে পারে না। এ জন্য তার পরিবার অপুষ্টির শিকার।

- ক. নিরাপদ খাদ্য কী? 1  
 খ. খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝায়? 2  
 গ. অনুচ্ছেদে খাদ্য নিরাপত্তার কোন দিক উল্লেখ করা হয়েছে— তা নির্ণয় কর। 3  
 ঘ. রহিমউদ্দিনের সমস্যা সমাধানে সরকারের ভূমিকা কী হতে পারে? ব্যাখ্যা কর। 8

৫. ► বাংলাদেশে সম্পদের তুলনায় অনেক বেশি লোক বাস করে। এ জন্য এখানে জনাধিক্যজনিত বিভিন্ন সমস্যা তথা খাদ্য ঘাটতি, ব্যাপক বেকারত্ব, ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি সমস্যা বিদ্যমান। তবে সাম্প্রতিককালে পরিবার-পরিকল্পনা পদ্ধতি গ্রহণের মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ করে জনসংখ্যা ও সম্পদের মধ্যে সামঞ্জস্য বিধানের চেষ্টা চলছে।

- ক. জন্মহার কী? 1  
 খ. কাম্য জনসংখ্যা বলতে কী বোঝায়? 2  
 গ. বাংলাদেশের ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব কতটুকু কার্যকর তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। 3  
 ঘ. জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারের গৃহীত কর্মসূচির কার্যকারিতা মূল্যায়ন কর। 8

৬. ►



- ক. ভোক্তার দামসূচকের সূত্রটি লেখ। 1  
 খ. অর্থের যোগান বৃদ্ধি এবং উৎপাদন হ্রাস মুদ্রাস্ফীতি বাড়ায়—ব্যাখ্যা কর। 2  
 গ. চিত্রে কী ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। 3  
 ঘ. উদ্দীপকে সৃষ্টি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে আর্থিক নীতির ভূমিকা আলোচনা কর। 8

৭. ► যে কোনো ধরনের অবকাঠামোগত উন্নয়ন কিংবা সরকারি বিনিয়োগে বড় ধরনের অর্থায়ন প্রয়োজন। এককভাবে একটি দেশের সরকারের পক্ষে রাজস্ব তহবিল থেকে অর্থায়ন করা কখনো সম্ভব হয় না। বিশেষ করে বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশে বড় বড় অবকাঠামো উন্নয়নের জন্য অর্থায়নের উৎসগুলো খুবই সীমিত। তাই সরকারকে প্রতিনিয়ত অর্থায়নের উৎসের সন্ধান করতে হয়।

ক. অর্থায়ন কী? ১

খ. প্রাইমারি শেয়ার ও সেকেন্ডারি শেয়ার বলতে কী বোঝ? ২

গ. 'অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।'—ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে অর্থায়নের উৎসগুলো কী কী হতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৮. ► একটি দেশের সরকার তার ব্যয় মিটানোর জন্য বিভিন্নভাবে রাজস্ব আদায় করে থাকে। বাংলাদেশ সরকার এ ব্যয় নির্বাহের জন্য কর ও কর বহির্ভূত বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করে। কিন্তু ক্রমবর্ধমান ব্যয় মিটানোর জন্য অর্থের এ উৎসগুলো পর্যাপ্ত হচ্ছে না। ফলে সরকারকে অন্য উপায়েও আয় বাড়ানোর কথা ভাবতে হয়। কর হার বৃদ্ধি, নতুন কর আরোপ ইত্যাদির মাধ্যমে সরকার তার আয় বাড়াতে পারে।

ক. চিনির ওপর ধার্যকৃত করকে কী বলে? ১

খ. VAT বা মূসক বলতে কী বোঝ? ২

গ. বাংলাদেশ সরকারের আয়ের গুরুত্বপূর্ণ খাতসমূহ বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশ সরকারের আয় বৃদ্ধির উপায়গুলো কী কী হতে পারে? চিহ্নিত কর। ৪

৯. ► আন্তর্জাতিক বাণিজ্য উদারণীকরণের ফলে বাংলাদেশ অফুরন্ট শ্রমবাজারকে কাজে লাগিয়ে কাঁচাপাট, চামড়া, নিটওয়্যার ও তৈরি পোশাক, হিমায়িত খাদ্য, পেট্রোলিয়াম পণ্য, রাসায়নিক দ্রব্য, হস্তশিল্পজাত দ্রব্য ও মানবসম্পদ রপ্তানি করছে। প্রতিরক্ষার রপ্তানি আয়ের সীমা পূর্বের রেকর্ড অতিক্রম করছে। আবার খাদ্যশস্য, তেলবীজ, অপরিশোধিত পেট্রোলিয়াম, সার, ক্লিংকার, সুতা, স্টেপল, ফাইবার, ঔষধ ও মূলধনী দ্রব্য আমদানি করছে।

ক. বিশ্বায়ন কী? ১

খ. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্যের দুটি পার্থক্য উল্লেখ কর। ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের সাথে সম্পর্কিত পণ্যের তালিকা প্রস্তুত কর। ৩

ঘ. বিশ্বায়নের সুযোগকে কাজে লাগিয়ে উদ্দীপকে উল্লিখিত প্রচলিত ও অপ্রচলিত পণ্যসমূহের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে তোমার সুপারিশ কী? ৪

বিশেষ উত্তর: সরবরাহকৃত বহুনির্বাচনি অভিক্ষার উত্তরগতে প্রশ্নের ক্ষেত্রে নম্বরের বিপরীতে গুরুত্বপূর্ণ উত্তর দেওয়া হবে। এই উত্তরগতে প্রশ্নের মান ১।।

## ১. বাংলায় প্রথম মুদ্রা প্রকাশ শুরু হয় কোন সনে?

- (ক) ১২০০ সনে      (খ) ১২৫০ সনে  
 (গ) ১৩০১ সনে      (ঘ) ১৪০৪ সনে

## ২. বাংলার ইতিহাসে স্বর্ণযুগ কোনটি?

- (ক) আদি ও হিন্দু যুগ      (খ) মুসলিম যুগ  
 (গ) ইংরেজ যুগ      (ঘ) পাকিস্তান যুগ

## ৩. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য হলো—

- i. অনুন্নত কৃষি  
 ii. স্বল্প মাথাপিছু আয়  
 iii. প্রচুর মূলধন ও উচ্চ স্তরের বিনিয়োগ

## নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii      (খ) i ও iii  
 (গ) ii ও iii      (ঘ) i, ii ও iii

## নিচের উদ্দীপকটি পত্র এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

বাংলাদেশ সরকার ২০২১ সাল নাগাদ এদেশকে মধ্য আয়ের দেশে পরিণত করার ঘোষণা দিয়েছে।

## ৪. ২০১২-১৩ সালের তথ্য অনুযায়ী চলতি মূল্যে মার্কিন ডলারে বাংলাদেশের মাথাপিছু আয় কত?

- (ক) ৭৭২      (খ) ৭৮২  
 (গ) ৯২৩      (ঘ) ৭৬৮

## ৫. দেশকে দ্রুত মধ্য আয়ের দেশে পরিণত করতে হলে নিচের কোন বিষয়টি উচ্চ প্রত্বিধি অর্জনের সাথে বেশি সামঞ্জস্যপূর্ণ?

- (ক) ভোগ বৃদ্ধি      (খ) অবকাঠামো উন্নয়ন  
 (গ) বিনিয়োগ বৃদ্ধি      (ঘ) মূলধন বৃদ্ধি

## ৬. কোনটি মানবসম্পদ উন্নয়নের ভিত্তি?

- (ক) শিক্ষা      (খ) প্রযুক্তি  
 (গ) জীবনযাত্রার মান      (ঘ) বৈদেশিক সাহায্য

## ৭. বাংলাদেশের রপ্তানি পণ্যের বাজারে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশ হলো—

- i. যুক্তরাষ্ট্র      ii. যুক্তরাজ্য  
 iii. জার্মানি

## নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii      (খ) i ও iii  
 (গ) ii ও iii      (ঘ) i, ii ও iii

## ৮. জিডিপিতে কৃষির কোন খাতের অবদান স্বচ্ছেয়ে বেশি?

- (ক) শস্য উৎপাদন      (খ) প্রাণিজ সম্পদ  
 (গ) বনজ সম্পদ      (ঘ) মৎস্য সম্পদ

## ৯. কোন ধরনের কৃষি উৎপাদনে কৃষি জমির প্রয়োজন হয় না?

- (ক) ধান      (খ) পাট  
 (গ) চা      (ঘ) মাশরুম

## ১০. কৃষি পণ্যের বিপণন বলতে কী বোঝায়?

- (ক) উৎপাদন      (খ) বুকি বহন  
 (গ) বিনিয়য়      (ঘ) পণ্যের

বাজারজাতকরণ

## ১১. Biotechnology শব্দের অর্থ কী?

- (ক) কৃষি প্রযুক্তি      (খ) জৈব প্রযুক্তি  
 (গ) প্রাচীন জৈব প্রযুক্তি      (ঘ) আধুনিক জৈব প্রযুক্তি

নিচের উদ্দীপকটি পত্রে এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর

## দাও:

গফুর সাহেব একজন কৃষক। তার ৩ বিঘা জমিতে তিনি পাট চাষ করেন। বাজারে পাট বিক্রি করে ফেরার পথে বন্ধুর সাথে আলাপকালে জানান এই সময়ে আমার মতো অন্যরাও বাজারে পাট বিক্রয় করতে আসায় পাটের দাম কম, তবুও বিক্রি করে দিলাম। বন্ধু বলল— এখন বিক্রি না করে পরে বিক্রি করলেই তো পারতে। গফুর সাহেব বলেন, ‘রাখার মতো জায়গা থাকলে তো রেখেই দিতাম।’

১২. গফুর সাহেব যে বাজারে পাট বিক্রি করলেন সে

বাজারে লাভবান হয়—

- (ক) ভোক্তা      (খ) মধ্যস্থত্বভোগী  
 (গ) উৎপাদনকারী      (ঘ) খুচরা বিক্রেতা

## ১৩. উদ্দীপকের বাজারে কৃষকদের স্বার্থকে সংরক্ষণ করতে সরকার—

- i. অবাধ বাজার প্রক্রিয়া চালু করবে  
 ii. সর্বনিম্ন দাম নির্ধারণ করবে  
 iii. সরকারিভাবে গুদাম নির্মাণ করবে

## নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii      (খ) ii ও iii  
 (গ) i ও iii      (ঘ) i, ii ও iii

## ১৪. আমদানি বিকল্প শিল্পের মাধ্যমে হয়ে থাকে—

- i. অর্থনৈতিক সক্ষমতা ii. বৈদেশিক মুদ্রা অর্জন  
 iii. বৈদেশিক মুদ্রার সাশ্রয়

## নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii      (খ) ii ও iii  
 (গ) i ও iii      (ঘ) i, ii ও iii

## ১৫. ম্যালথাস জনসংখ্যার সাথে কীসের সম্পর্ক বিবেচনা করেছেন?

- (ক) কৃষি উৎপাদনের      (খ) খাদ্যোৎপাদনের  
 (গ) শিল্পোৎপাদনের      (ঘ) বৈদেশিক সাহায্যের

নিচের উদ্দীপকটি পত্র এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :

জরিনা ময়মনসিংহের ফুলপুরের একটি দরিদ্র পরিবারের মেয়ে। সে স্বাদশ শ্রেণিতে পড়ে। ৭ ভাই-বোনের মধ্যে সে বড়। সম্পত্তি তার বিয়ে ঠিক হয়েছে। ফুলপুর গ্রামের জনসংখ্যা গত ২৫ বছরে দ্বিগুণ হয়েছে।

## ১৬. ফুলপুর গ্রামের জনসংখ্যা বৃদ্ধির হার কীরুপ?

- (ক) উচ্চহার      (খ) নিম্নহার  
 (গ) স্থির      (ঘ) অতি নিম্নহার

## ১৭. জরিনার গ্রামের জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ রাখার জন্য প্রয়োজন—

- i. পরিবার পরিকল্পনা গ্রহণ  
 ii. নারী শিক্ষার প্রসার  
 iii. বাল্যবিবাহ নিষিদ্ধকরণ

## নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii      (খ) ii ও iii  
 (গ) i ও iii      (ঘ) i, ii ও iii

## ১৮. Migration শব্দের অর্থ কী?

- (ক) অভিগমন      (খ) বহিগমন  
 (গ) স্থানান্তর      (ঘ) চলে যাওয়া

১৯. ফরমালিন যুক্ত খাদ্য গ্রহণ করার ফলে ক্যান্সার হতে  
পারে—

- i. পাকস্থলীতে   ii. ফুসফুসে
- iii. শ্বাসনালিতে   iv. ii ও iii
- নিচের কোনটি সঠিক?  
 ① i ও ii   ④ ii ও iii  
 ② i ও iii   ⑤ i, ii ও iii

২০. নিরাপদ খাদ্যের প্রকৃতি হলো—

- i. খাদ্যের সাথে পানি না মেশানো
- ii. খাদ্যটি সংরক্ষণের স্বাভাবিক ব্যবস্থা রাখা
- iii. সংরক্ষণমূলক পদার্থ না মেশানো

নিচের কোনটি সঠিক?

- ① i ও ii   ④ i ও iii  
 ② ii ও iii   ⑤ i, ii ও iii

২১. খাদ্য ভেজালবিরোধী অভিযান জোরদারকরণে ভূমিকা  
রাখে কোনটি?

- ① টিসিবি   ④ মোবাইল কোর্ট  
 ② দোকান মালিক সমিতি ⑤ রাজনৈতিক দল

২২. কখন একটি শেয়ার মাধ্যমিক শেয়ারে বৃপ্তাত্তি হয়?

- ① বোনাস শেয়ার বিক্রি করলে
- ② রাইট শেয়ার বিক্রি করলে
- ③ প্রাথমিক শেয়ার বিক্রি করলে
- ④ শেয়ার লটারিতে পেলে

২৩. কোন বড়ের গায়ে নির্দিষ্ট সুদের হার, পরিপন্থ সময়,  
বাহ্যিক মূল্য ইত্যাদি উল্লেখ থাকে?

- ① আয় বড়   ④ জাঙ্ক বড়  
 ② কুপন বড়   ⑤ জিরো কুপন বড়

২৪. 'Finis' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

- ① স্যাটিন   ④ ইংরেজি  
 ② গ্রিক   ⑤ জার্মানি

নিচের উচ্চীপৰক্তি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:  
জনাব হাবিবের অনেক দিনের স্বপ্ন ছিল শেয়ার ক্রয়-বিক্রয়  
করে লালে লাল হয়ে যাবেন। বাজারে শেয়ারের দাম  
বাড়ছে আর বাড়ছে। তাই তিনি নিজের সব অর্থ বিনিয়োগ  
করলেন। কিন্তু পরবর্তী শেয়ার বাজারের সমস্যার কারণে  
নিঃস্ব হয়ে গেলেন।

২৫. শেয়ার ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম কী?

- ① কোম্পানি   ④ স্টক এক্সচেঞ্চ  
 ② ব্যাংক   ⑤ বিমা প্রতিষ্ঠান

২৬. জনাব হাবিবের অর্থ, অর্থায়নের কোন উন্নের অন্তর্গত?

- ① নিজস্ব সঞ্চয়   ④ নিজস্ব বিনিয়োগ  
 ② ব্যাংকের অর্থায়ন                                   ⑤ NGO-এর অর্থায়ন

২৭. ব্যাংকের যে ধরনের কর্মকাণ্ড মূদ্রাস্ফীতির কারণ, তা  
হলো—

- i. উদার সূলভ ঝণনীতি                                   iii. সুদের হার বৃদ্ধি
- ii. সুদের হার হ্রাস   iv. নিচের কোনটি সঠিক?  
 ① i ও ii   ④ i ও iii  
 ② ii ও iii   ⑤ i, ii ও iii

নিচের উচ্চীপৰক্তি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

শ্যামল ও কাজল দুই ভাই। দুজনই ব্যবসায়ী। শ্যামল  
সাহেবের ফ্যাট্টারিতে উৎপাদিত সকল পণ্যই বিক্রি হয়  
সারা দেশে। আর কাজল সাহেবের ফ্যাট্টারিতে উৎপাদিত  
পণ্য বিক্রি হয় স্পেন ও কানাডায়। ঢাকার মতিবিলের  
একই বিভিং-এর একই তলায় দুজন বসে তাদের ব্যবসা  
পরিচালনা করেন।

২৮. শ্যামল সাহেবের ব্যবসাকে কী বলা হয়?

- ① আন্তর্জাতিক বাণিজ্য                           ④ অভ্যন্তরীণ বাণিজ্য  
 ② খুচরা মালের ব্যবসা                           ⑤ পাইকারী মালের ব্যবসা

২৯. কাজল সাহেবের ব্যবসার কারণে—

- i. বৈদেশিক মুদ্রা অর্জিত হয়
- ii. কটনেতিক সম্পর্ক জোরদার হয়
- iii. বিশ্ব বাজারে দেশের সম্মান বৃদ্ধি হয়
- নিচের কোনটি সঠিক?  
 ① i ও ii   ④ ii ও iii  
 ② i ও iii   ⑤ i, ii ও iii

৩০. আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে কমপক্ষে কয়টি দেশ  
ঠাকতে হয়—

- ① ২টি   ④ ৩টি
- ② ৪টি   ⑤ ৫টি

৩১. বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের বৈশিষ্ট্য  
কোনটি?

- ① জনশক্তি রপ্তানি                                   ④ খাদ্য রপ্তানি
- ② কৃষিজাত পণ্য রপ্তানি                           ⑤ পোশাক আমদানি

৩২. স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা  
কঠিন'— এটি রক্ষায় সরকার কোন খাতে ব্যয় করে?

- ① অভ্যন্তরীণ শাস্তিশূলিক রক্ষা

- ② প্রতিরক্ষা

- ③ বিজিবি

- ④ বেসামুরিক প্রশাসন

৩৩. দেশের অভ্যন্তরে জনপ্রশাসন সুস্থুভাবে পরিচালনার  
ব্যয়কে বলা হয়—

- ① রাজস্ব ব্যয়   ④ মূলধনী ব্যয়
- ② উন্নয়নমূলক ব্যয়                                   ⑤ অবচয়জনিত ব্যয়

৩৪. নিচের কোনটি হস্তান্তর ব্যয়?

- ① যুদ্ধজনিত ব্যয়                                   ④ সরকারি খণ্ডের সুদ
- ② মানব সম্পদ উন্নয়ন ব্যয়                   ⑤ সামরিক ব্যয়

৩৫. নির্দেশমূলক পরিকল্পনার সমার্থক পরিকল্পনা কোনটি?

- ① পুর্জিবাদী   ④ বিকেন্দীয়
- ② প্ররোচিত   ⑤ কেন্দীয়

৩৬. কোন দেশে অর্থনৈতিক পরিকল্পনার প্রথম সূত্রপাত  
ঘটে?

- ① যুক্তরাষ্ট্র   ④ জাপান
- ② রাশিয়া   ⑤ যুক্তরাজ্য

৩৭. 'পরিকল্পনার অর্থ হলো— একটি নির্দিষ্ট উদ্দেশ্য  
কাজ করা, পছন্দ করা এবং সে পছন্দই হলো  
অর্থনৈতিক কার্যাবলির মূল কথা'— কার উক্তি?

- ① বারবারা উটন   ④ রবিস
- ② হায়েক   ⑤ ডিকেনসন

৩৮. পঞ্জবার্ষিক পরিকল্পনার সাফল্য নির্ভর করে কীসের  
সাফল্যের ওপর?

- ① মধ্যমেয়াদি পরিকল্পনা                   ④ দীর্ঘমেয়াদি পরিকল্পনা
- ② বার্ষিক পরিকল্পনা                                   ⑤ স্বল্পমেয়াদি পরিকল্পনা

৩৯. কোন শিল্পের মূল্য সংযোজন কর হলেও কর্মসংস্থান  
বৈশি?

- ① বৃহৎ   ④ মাঝারি
- ② ক্ষুদ্র   ⑤ কুটির

৪০. সেতাবগঞ্জে একটি চিনিকল স্থাপন করা হবে। এর  
যন্ত্রপাতি কোন শিল্পে উৎপাদিত হয়?

- ① বৃহৎ শিল্প   ④ ভারি শিল্প
- ② মাঝারি শিল্প   ⑤ মূলধনী শিল্প

১	গ	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬	৩৭	৩৮	৩৯	৪০	৪১
২১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬	৩৭	৩৮	৩৯	৪০	৪১		